

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের প্রথম কাতার পূরণ করা, তারপর পরের কাতার পূরণ করার নির্দেশ কেননা এরকম করলে ফেরেস্তাগণ কাজের সাথে সাদৃশ্যতা অবলম্বন করা হয়

ذكرُ الْأُمْرِ بِإِتْمَامِ الصَّفِّ الْأَوَّلِ ثُمَّ الَّذِي يَلِيهِ إِذِ اسْتِعْمَالُ ذَلِكَ اسْتِعْمَالُ الْمَلَائِكَةِ مِثْلُهُ

## আরবী

2151 \_ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتْنَى قَالَ: حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْمَرْوَزِيُّ قَالَ: حَدَّتَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنِ الْمُسَيِّبِ بْنِ رَافِعٍ عَنْ تَمِيمٍ بْنِ طَرَفَةَ عَنْ جَابِرِ بْنِ شَمُرَةَ قَالَ: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْجِدَ فَقَالَ: (شُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَسْجِدَ فَقَالَ: (أَلَا تَصَمُّفُ الملائكةُ عِنْدَ رَبِّهِمْ؟) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ! وَكَيْفَ تَصمُفُ المُلائِكةُ عِنْدَ رَبِّهِمْ؟) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ! وَكَيْفَ تَصمُفُ الْمَلائِكةُ عِنْدَ رَبِّهِمْ؟ المَلائكةُ عِنْدَ رَبِّهِمْ؟) المُلائِكةُ عِنْدَ رَبِّهِمْ؟ المَعْدِنَ في الصَّفِلَ اللَّهِ! وَكَيْفَ تَصمُفُ المُلائِكةُ عِنْدَ رَبِّهِمْ؟ المَعْدِنَ الأَولِ وَيَتَرَاصَتُونَ في الصَّفِّ المُصدِن : العلامة ناصر الدين الألباني ا المصدر : الراوي : جَابِر بْن سَمُرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1215 ا خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (667): م.

## বাংলা

২১৫১. জাবির বিন সামূরাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মাসজিদে প্রবেশ করেন, অতঃপর তিনি বলেন, "তোমরা কি সেভাবে কাতারবদ্ধ হবে না, যেভাবে ফেরেস্তাগণ তাদের প্রভুর নিকটে কাতারবদ্ধ হয়।" সাহাবীগণ বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ফেরেস্তাগণ কীভাবে তাদের প্রভুর নিকটে কাতারবদ্ধ হয়?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তাঁরা প্রথমে প্রথমদিকের কাতারগুলো পূর্ণ করেন এবং কাতারের মাঝের ফাঁক বন্ধ রাখেন।"[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রায্যাক: ২৪৩২; মুসনাদ আহমাদ: ৫/১০১; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৫৪৪; মুসান্নাফ ইবনু



আবী শায়বাহ: ১/৩৫৩; সহীহ মুসলিম: ৪৩০; ইবনু মাজাহ: ৯৯২; নাসাঈ: ২/৯২; আবূ আওয়ানা: ২/৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন